



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

“পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন”
ফোন : ৯৫৬৮১১৭
E-mail: dgmaudit2@krishibank.org.bd
Better Me Better BKB

প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২

প্রকা/প্রগিবি-২/নিরীক্ষা-২৪/২০১৬-২০১৭/ ২০৮৭ (২২৫০)

তারিখ : ২৩.০৪.২০১৭ খ্রিঃ

১. সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
 ২. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
 ৩. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
 ৪. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
 ৫. সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
- বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নিরীক্ষা আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ০১(এক) মাসের কর্মপরিকল্পনা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

হালনাগাদ তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, অত্র ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা, বাণিজ্যিক নিরীক্ষা ও বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনে আপত্তির একটি উল্লেখযোগ্য অংশ অনিষ্পন্ন রয়েছে, যা কাম্য নয়।

০২. ব্যাংকের সামগ্রিক কার্যক্রম অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হয়। মূল্যায়নে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির অগ্রগতি সংক্রান্ত বিষয়ও অন্তর্ভুক্ত রয়েছে। ব্যাংকের কর্মতৎপরতার সাফল্য অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি সমূহ নিষ্পত্তির অগ্রগতির উপর অনেকাংশে নির্ভর করে। নিরীক্ষা আপত্তির নিষ্পত্তি বাংলাদেশ ব্যাংক ও মন্ত্রণালয়ের এবং ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পারফরমেন্স মূল্যায়নের এটি অন্যতম মাপকাঠি হওয়ায় এ বিষয়ে কোনো প্রকার শৈথিল্য গ্রহণযোগ্য নয়। Annual Performance Agreement এর অনুসরণে অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির সংখ্যা নিয়মিতকরণের মাধ্যমে সর্বনিম্ন পর্যায়ে নেমে আসবে বলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তথা মন্ত্রণালয় আশা করে। ব্যাংকের সকল সূচকে উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শনের আপত্তির সংখ্যা সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনার লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ০১(মাস) সময় বেঁধে দিয়ে ১লা মে' ২০১৭ তারিখ থেকে ৩১শে মে' ২০১৭ তারিখ পর্যন্ত একটি বিশেষ কর্মসূচী ঘোষণা করেছেন। ঘোষিত কর্মসূচীর মূল লক্ষ্যসমূহ নিম্নরূপ :

- (ক) অনিষ্পন্ন আপত্তির সংখ্যা অবশ্যই সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনতে হবে ;
- (খ) বস্তুনিষ্ঠ ও গ্রহণযোগ্য জবাব প্রদানের মাধ্যমে শাখা ব্যবস্থাপকগণ নিরীক্ষা আপত্তি মিমাংসার ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করবেন ;
- (গ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির অবস্থা সরেজমিনে পর্যালোচনা করে বস্তুনিষ্ঠ ও গ্রহণযোগ্য জবাব প্রদানে উদ্বুদ্ধ করবেন এবং প্রয়োজনে দিক নির্দেশনা প্রদান করবেন ;
- (ঘ) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আনুষ্ঠানিক সম্মেলন/সভা এবং আনুষ্ঠানিক আলোচনায় ব্যাংকের ভাবমূর্তি সমুন্নত রাখার স্বার্থে নিরীক্ষা আপত্তির সংখ্যা সর্বনিম্ন পর্যায়ে কমিয়ে আনার গুরুত্ব ব্যাখ্যা করবেন, বস্তুনিষ্ঠ ও গ্রহণযোগ্য জবাবের জন্য উদ্বুদ্ধ করবেন এবং ফলাফল মনিটরিং করবেন ;
- (ঙ) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা থেকে প্রাপ্ত জবাবের আলোকে অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদ সমূহ নিষ্পত্তিকরণের কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন, যথাসময়ে সিদ্ধান্তপত্র জারী করবেন এবং অনিষ্পন্ন অনুচ্ছেদসমূহ নিষ্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কে শাখা সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। প্রয়োজনে আপত্তি নিষ্পত্তির স্বার্থে বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের সহযোগিতা গ্রহণ করতে হবে ;
- (চ) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে অনিষ্পন্ন অনুচ্ছেদের বিষয়ে পর্যালোচনা পূর্বক শাখাকে নিষ্পত্তি মূলক জবাব দেয়ার বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন এবং তাদের শাখায় অবস্থানকালীন সময়ে জবাব প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপকগণকে প্রয়োজনীয় পরামর্শ দিবেন এবং তার ফলাফল চলমান নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন।

(Signature)

চলমান পাতা-০২

০৩. উপরোক্ত লক্ষ্যসমূহ ফলপ্রসূভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ কর্মপন্থা গ্রহণ করতে হবে :

(০১) অভ্যন্তরীণ নিরীক্ষা :

- (ক) অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ব্যাংকের স্বাভাবিক কার্যক্রমের বিঘ্ন না ঘটানোর লক্ষ্যে ক্রাশ প্রোগ্রামের সভা অগ্রাধিকার ভিত্তিতে ছুটির দিনে আয়োজন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অনিষ্পন্ন আপত্তিগুলো নিবিড় তদারকি, মূল আপত্তির নিরীখে প্রয়োজনীয় তথ্যসহ নির্ধারিত ফরমেটে জবাব প্রদানের (প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণক/সংযুক্তিসহ) মাধ্যমে আপত্তি নিষ্পত্তির জন্য সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে। ৩০.০৬.২০১৬ তারিখ ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তির সংখ্যা ৩১শে মে'২০১৭ এর মধ্যে হ্রাস করে সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনতে হবে;
- (খ) স্বাভাবিক প্রক্রিয়ার পাশাপাশি ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অনিষ্পন্ন আপত্তি সমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অধিকতর তৎপর হতে হবে যার নির্দেশনা প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ হতে বিগত ২৪.১০.২০১৬, ০৭.১২.২০১৬, ০২.০১.২০১৭, ১০.০১.২০১৭ তারিখে যথাক্রমে পত্র নং-৭৩৬(১২৫০), ১০৬০(১২৫০), ১৩০৪(১২৬), ১৩৯২(১৩৫) এর মাধ্যমে প্রদান করা হয়েছে ;
- (গ) উপরোক্ত কার্যক্রমের মাধ্যমে প্যারা নিষ্পত্তির সন্তোষজনক অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসের শেষ কার্যদিবসের মধ্যে এতদসংগে সংযুক্ত ছক-'ক' মোতাবেক প্রস্তুত করে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ এ ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে এবং একই সঙ্গে হার্ড কপিও প্রেরণ করতে হবে। উক্ত ছকে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে প্যারা নিষ্পত্তি সংক্রান্ত তথ্য পৃথক ও সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে আপত্তি নিষ্পত্তির সংখ্যা স্বাভাবিক প্রক্রিয়ায় নিষ্পত্তির সংখ্যার চেয়ে অবশ্যই বেশী হতে হবে ;
- (ঘ) সীমিতরিজ্ঞ নগদ তহবিল ধারণ সংক্রান্ত অনুমোদন ও ভোল্ট লিমিট বাস্তবতার নিরীখে বাড়ানোর আবেদনে অনুমোদন প্রদান সংক্রান্ত বিষয় বিশেষ দ্রুততার সাথে নিষ্পন্ন করতে হবে ;
- (ঙ) অভ্যন্তরীণ নিরীক্ষার ৪০(চল্লিশ)টি অনুচ্ছেদের মধ্যে ১ম ও ২য় খন্ড ব্যতিত অন্য খন্ডের আপত্তি সমূহকে নিষ্পন্ন বলে গণ্য করতে হবে অর্থাৎ ৩য় খন্ডে আপত্তি নিষ্পন্ন হিসাবে গণ্য করে প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ করতে হবে;
- (চ) কোন নিরীক্ষা প্রতিবেদনে সর্বোচ্চ ০৫(পাঁচ)টি পর্যন্ত নিরীক্ষা আপত্তি অনিষ্পন্ন থাকলে তা সর্বশেষ নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করে পূর্ববর্তী প্রতিবেদন বন্ধ করতে হবে;
- (ছ) ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে আপত্তি নিষ্পত্তির উদ্যোগের বাস্তব ফলাফলের প্রতিফলন বর্ণিত ছক -'ক' তে থাকতে হবে ;
- (জ) মাঠ পর্যায়ে ব্যাপক ভ্রমণের মাধ্যমে ক্রাশ প্রোগ্রামকে অবশ্যই সফল করতে হবে ;
- (ঝ) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাকে ক্রাশ প্রোগ্রামের লিখিত কর্মপরিকল্পনা প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ এর বরাবরে অবিলম্বে উপস্থাপন করতে হবে;
- (ঞ) বিগত ২৬.০৯.২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের অডিট কমিটির ৩৬তম সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে :-

“অভ্যন্তরীণ নিরীক্ষায় উত্থাপিত আপত্তি নিষ্পত্তির অগ্রগতির চিত্র খারাপ হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য পর্ষদের নিকট সুপারিশ করা হবে।”

(০২) বাণিজ্যিক নিরীক্ষা :

- (ক) বাণিজ্যিক নিরীক্ষার আপত্তি(সাধারণ/অগ্রিম অনুচ্ছেদ) নিষ্পত্তির জন্য প্রতি মাসে অন্তত ২টি দ্বি-পাক্ষিক সভা ও ১ ত্রি-পাক্ষিক সভা আয়োজন করতে হবে। ৩০.০৬.২০১৬ তারিখ ভিত্তিক বাণিজ্যিক নিরীক্ষা আপত্তির সংখ্যা ৩১শে মে'২০১৭ এর মধ্যে হ্রাস করে সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনতে হবে;
- (খ) বাণিজ্যিক নিরীক্ষার অনিষ্পন্ন অনুচ্ছেদের নিষ্পত্তিমূলক, সুস্পষ্ট ও গ্রহণযোগ্য জবাব প্রদানের মাধ্যমে শাখা ব্যবস্থাপকগণ নিরীক্ষা আপত্তি মিমাংসার ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করবেন ;
- (গ) বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তির অধিকাংশ শ্রেণীকৃত ঋণ আদায় সংশ্লিষ্ট। সে কারণে বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তি সংশ্লিষ্ট অনাদায়ী ও শ্রেণীকৃত ঋণ আদায়ে সর্বাধিক গুরুত্ব প্রদান করতে হবে। প্রয়োজনে ঋণের সুপারিশ/মঞ্জুরী/ বিতরণ/মনিটরিং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্তকরতঃ আপত্তি সংশ্লিষ্ট ঋণ আদায়ের জন্য শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন ;

চলমান পাতা-০৩

(Signature)

(Signature)

- (ঘ) পারফরমেন্স মূল্যায়নের ক্ষেত্রে (Evaluation of Performance) অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিবেচনায় এনে ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণ করবেন ;
- (ঙ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঋণ আদায় ও বিতরণের লক্ষ্যমাত্রার সাথে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়টিকে লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত করবেন ;
- (চ) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ ঋণ আদায় ও বিতরণের টার্গেট এর সাথে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়টিকে সমান গুরুত্বের সাথে টার্গেটের অন্তর্ভুক্ত করবেন ;
একই ধরনের নিরীক্ষা আপত্তি যাতে পরবর্তী নিরীক্ষায় উত্থাপিত না হয় সে বিষয়ে শাখা ব্যবস্থাপকগণ সতর্ক থাকবেন । যদি একই ধরনের নিরীক্ষা আপত্তি পরবর্তী নিরীক্ষায় উত্থাপিত হয় তবে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণকে তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ জবাবদিহিতার আওতায় আনবেন ;
- (জ) শাখা/সংশ্লিষ্ট কার্যালয়ের উৎসে কর, ভ্যাট, আবগারী শুল্ক ইত্যাদি সংশ্লিষ্ট আপত্তি আদায়ের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- (ঝ) বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত সাধারণ অনুচ্ছেদের জবাব সংশ্লিষ্ট শাখা/সংশ্লিষ্ট কার্যালয় থেকে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে । এছাড়া সাধারণ অনুচ্ছেদ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কার্যালয় প্রতি মাসে ২টি করে ত্রিপাক্ষিক সভার আয়োজন করবে ;
- (ঞ) শাখা/সংশ্লিষ্ট কার্যালয় অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রধান কার্যালয়ের প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে । এছাড়া প্রতিটি বিভাগীয় নিরীক্ষা কার্যালয় প্রতি মাসে ১টি করে ত্রিপাক্ষিক সভার আয়োজন করবে ;
- (ট) শাখা ব্যবস্থাপকগণ তামাদি ঋণ সংশ্লিষ্ট আপত্তি আদায়/নিয়মিতকরণের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা করবেন এবং ভবিষ্যতে তামাদি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন ;
- (ঠ) শাখা ব্যবস্থাপকগণ ঋণের দলিলায়ন/সংরক্ষন ইত্যাদি সংশ্লিষ্ট আপত্তি ঋণ আদায়/অনিয়ম সংশোধনের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন ;
- (ড) শাখা/সংশ্লিষ্ট কার্যালয় বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক উত্থাপিত সাধারণ অনুচ্ছেদ আপত্তির গ্রহণযোগ্য ও বস্তুনিষ্ঠ জবাব (প্রমাণকসহ) নির্ধারিত সময়সীমার মধ্যে প্রেরণ নিশ্চিত করবে ;
- (ণ) বিগত ২৬.০৯.২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের অডিট কমিটির ৩৬তম সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে :-

“ বাণিজ্যিক নিরীক্ষা এবং বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে । যদি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হয় তাহলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য পর্ষদের নিকট সুপারিশ করা হবে ।”

(৩৩) বাংলাদেশ ব্যাংক পরিদর্শন :


- (ক) বাংলাদেশ ব্যাংক পরিদর্শনে অনিষ্পন্ন আপত্তিগুলো নিবিড় তদারকি, মূল আপত্তির নিরীখে প্রয়োজনীয় তথ্যসহ নির্ধারিত ফরমেটে জবাব প্রদানের (প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণক/সংযুক্তিসহ) মাধ্যমে আপত্তি নিষ্পত্তির জন্য সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে । ৩০.০৬.২০১৬ তারিখ ভিত্তিক বাংলাদেশ ব্যাংক পরিদর্শনের আপত্তির সংখ্যা ৩১শে মে'২০১৭ এর মধ্যে হ্রাস করে সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনতে হবে ;
- (খ) বাংলাদেশ ব্যাংক পরিদর্শনে প্রতিফলিত আপত্তির নিষ্পত্তিমূলক ও গ্রহণযোগ্য জবাব প্রদানের মাধ্যমে শাখা ব্যবস্থাপক আপত্তি মিমাংসার ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করবেন ;
- (গ) শাখা ব্যবস্থাপকগণ নির্ধারিত সময়সীমার মধ্যে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের জবাব সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন । মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখার জবাব যাচাই-বাছাই করতঃ তাদের মন্তব্যসহ বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করবে ;
- (ঘ) পারফরমেন্স মূল্যায়নের ক্ষেত্রে (Evaluation of Performance) বাংলাদেশ ব্যাংক পরিদর্শন আপত্তি নিষ্পত্তির বিষয়টি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিবেচনায় এনে ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণ করবেন ;
- (ঙ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঋণ আদায় ও বিতরণের লক্ষ্যমাত্রার সাথে বাংলাদেশ ব্যাংক পরিদর্শনের আপত্তি নিষ্পত্তির বিষয়টিকে লক্ষ্যমাত্রার অন্তর্ভুক্ত করবেন ;

- (চ) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিভাগীয় সম্মেলনে ঋণ আদায় ও বিতরণের টার্গেট এর সাথে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন আপত্তি নিষ্পত্তির বিষয়টিকে সমান গুরুত্বের সাথে টার্গেটের অন্তর্ভুক্ত করবেন ;
- (ছ) পরিদর্শন প্রতিবেদনে প্রতিফলিত একই ধরনের আপত্তি যাতে পরবর্তী পরিদর্শনে উত্থাপিত না হয় সে বিষয়ে শাখা ব্যবস্থাপকগণ সতর্ক থাকবেন। যদি একই ধরনের আপত্তি পরবর্তী পরিদর্শনে উত্থাপিত হয় তবে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণকে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ জবাবদিহিতার আওতায় আনবেন ;
- (জ) শাখা ব্যবস্থাপকগণ তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক পরিদর্শনে উত্থাপিত আপত্তির গ্রহণযোগ্য ও বস্তুনিষ্ঠ জবাব নির্ধারিত সময়সীমার মধ্যে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন ;
- (ঝ) শাখা ব্যবস্থাপকগণ বাংলাদেশ ব্যাংক পরিদর্শনে উত্থাপিত আপত্তি ও নিষ্পত্তিকৃত আপত্তির পরিসংখ্যান একটি রেজিস্টারে সঠিক ও যথাযথভাবে সংরক্ষণ করবেন এবং প্রয়োজনে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ সমূহে প্রতিবেদন প্রেরণ করবেন ;
- (ঞ) বিগত ২৬.০৯.২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের অডিট কমিটির ৩৬তম সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে :-

“বাণিজ্যিক নিরীক্ষা এবং বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হয় তাহলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য পর্ষদের নিকট সুপারিশ করা হবে।”

০৪. বিশেষভাবে উল্লেখযোগ্য যে, নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির বিষয়টি কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকলের কর্মদক্ষতা মূল্যায়নের জন্য বার্ষিক গোপনীয় প্রতিবেদনে গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তির জবাব শাখা থেকে প্রস্তুত হওয়ায় শাখা ব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এমতাবস্থায় শাখা ও নিরীক্ষা কার্যালয়ের পাশাপাশি মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণও বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির এই বিশেষ ক্রাশ প্রোগ্রাম বিভাগীয় মহাব্যবস্থাপকগণ সার্বিক তদারকী ও তত্ত্বাবধান করবেন।

আপনার বিশ্বস্ত,



(মোঃ আবুল হোসেন)


উপ-ব্যবস্থাপনা পরিচালক

প্রকা/প্রগিবি-২/নিরীক্ষা-২৪/২০১৬-২০১৭/ ২১৮৭(১২৫০)

তারিখ : ২৩.০৪.২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং ডিপার্টমেন্ট, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং ডিপার্টমেন্ট কে ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬. নথি/মহানথি।



(এম, এ, ফারুক) ২৬.০৪.১৭

সহকারী মহাব্যবস্থাপক

ছক - 'ক'

বিষয় : অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত মাসিক বিশেষ বিবরণী।

অভ্যন্তরীণ নিরীক্ষা :

নিরীক্ষার ধরণ	বছরের শুরুতে পেজিং আপত্তির সংখ্যা	চলতি বছরে বিবেচ্য মান পর্যন্ত উৎখাপিত আপত্তির সংখ্যা	মোট আপত্তির সংখ্যা	চলতি বছরে বিবেচ্য মাসে নিষ্পত্তির সংখ্যা	চলতি বছরে বিবেচ্য মান পর্যন্ত পুঞ্জীভূত নিষ্পত্তিকৃত আপত্তির বিবরণ			বিবেচ্য মান শেষে অবশিষ্ট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	১ বছরের অধিক সময়ের অনিষ্পন্ন আপত্তির বিবরণ				মন্তব্য
					স্বাভাবিক প্রক্রিয়ায় নিষ্পত্তির সংখ্যা	ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে নিষ্পত্তির সংখ্যা	মোট নিষ্পত্তির সংখ্যা		মমানোর কারণে	অন্যান্য কারণে	মোট		
১	২	৩	৪	৫	৬(ক)	৬(খ)	৬(গ)	৭	৮(ক)	৮(খ)	৮(গ)		৯